

জ্বালানি সেক্টরের জন্য একশন প্ল্যান, ২০২৪-২০৫০ মেয়াদে গৃহীত/গৃহীতব্য কর্মপরিকল্পনা (খসড়া)

ক্রমিক কনং	প্রকল্পের নাম	প্রকল্পের লক্ষ ও উদ্দেশ্য	আনুমানিক ব্যয় (লক্ষ টাকা)	বাস্তবায়নকাল	মন্তব্য
২০২৪-২০৫০					
(ক) গ্যাস-তেল অনুসন্ধানের জন্য সার্ভে সংক্রান্ত প্রকল্প/প্রকল্পসমূহঃ					
ভূতাত্ত্বিক জরিপ					
১।	৮৫ লাইন কি.মি. ভূতাত্ত্বিক জরিপ এলাকা: পটিয়া, চট্টগ্রাম।	পটিয়া এলাকায় ৮৫ লাইন কি. মি. ভূতাত্ত্বিক জরিপ সম্পাদন	১০৯	২০২৩-২৪	<ul style="list-style-type: none"> ভূতাত্ত্বিক জরিপের মূল উদ্দেশ্য ভূগঠনের আকার, আকৃতি, আয়তন এবং Hydrocarbon Potentiality নির্ণয় করা, ভূঅভ্যন্তরের শিলাস্তরের সাথে Correlation করে তেল ও গ্যাস প্রাপ্তির সম্ভাবনাময় এলাকা চিহ্নিত করা। জরিপের মাধ্যমে বাংলাদেশে Shale Gas এর উপস্থিতি যাচাই করা। ভূতাত্ত্বিক জরিপ ফলাফলের সাথে 2D/3D seismic জরিপের ফলাফল মূল্যায়ন করা। পার্বত্য অঞ্চলে অনুসন্ধান কূপ খননের প্রাথমিকভাবে এলাকা নির্ণয় করা।
২।	৭০০ লাইন কি.মি. ভূতাত্ত্বিক জরিপ প্রকল্প এলাকা: রাজশামটি, বান্দরবন, খাগড়াছড়ি, কক্সবাজার, সিলেট, নেত্রকোনা, ময়মনসিংহ ও শেরপুর। (*রাজশামটি, বান্দরবন, খাগড়াছড়িসহ পার্বত্য এলাকায় নিরাপত্তা বিবেচনায় কার্যক্রম গ্রহন করা হবে।)	সীতাকুন্ড, দক্ষিণ হীলা, ইনানী, বান্দারবন, বিড়িসিড়ি, ডুপিটলা/জাতিজা, গাড়াপাহাড়, চেঞ্জুতাং, ওলাতাং এবং অন্যান্য এলাকায় ৭০০ লাইন কি. মি. ভূতাত্ত্বিক জরিপ সম্পাদন	১০০০	২০২৪-২০৩০	<ul style="list-style-type: none"> ভূতাত্ত্বিক জরিপের মূল উদ্দেশ্য ভূগঠনের আকার, আকৃতি, আয়তন এবং Hydrocarbon Potentiality নির্ণয় করা, ভূঅভ্যন্তরের শিলাস্তরের সাথে Correlation করে তেল ও গ্যাস প্রাপ্তির সম্ভাবনাময় এলাকা চিহ্নিত করা। জরিপের মাধ্যমে বাংলাদেশে Shale Gas এর উপস্থিতি যাচাই করা। ভূতাত্ত্বিক জরিপ ফলাফলের সাথে 2D/3D seismic জরিপের ফলাফল মূল্যায়ন করা। পার্বত্য অঞ্চলে অনুসন্ধান কূপ খননের প্রাথমিকভাবে এলাকা নির্ণয় করা।
৩।	১০০০ লাইন কি.মি. ভূতাত্ত্বিক জরিপ প্রকল্প এলাকা: রাজশামটি, বান্দরবন, খাগড়াছড়ি ও কক্সবাজার, সিলেট, নেত্রকোনা। (*রাজশামটি, বান্দরবন, খাগড়াছড়িসহ পার্বত্য এলাকায় নিরাপত্তা বিবেচনায় কার্যক্রম গ্রহন করা হবে।)	লাম্বাগোনা, বড়কল, সিসাক, মৌডাক, সাজুনদং, গিলাছড়ি, বেলাছড়ি (বিলাইছড়ি), গোবামুড়া, কাসালং, সারদাং, বুতিয়াং, উতানছত্রা, এবং অন্যান্য এলাকায় ১০০০ লাইন কি. মি. ভূতাত্ত্বিক জরিপ সম্পাদন	১৮০০	২০৩১-২০৪১	<ul style="list-style-type: none"> ভূতাত্ত্বিক জরিপের মূল উদ্দেশ্য ভূগঠনের আকার, আকৃতি, আয়তন এবং Hydrocarbon Potentiality নির্ণয় করা, ভূঅভ্যন্তরের শিলাস্তরের সাথে Correlation করে তেল ও গ্যাস প্রাপ্তির সম্ভাবনাময় এলাকা চিহ্নিত করা। জরিপের মাধ্যমে বাংলাদেশে Shale Gas এর উপস্থিতি যাচাই করা। ভূতাত্ত্বিক জরিপ ফলাফলের সাথে 2D/3D seismic জরিপের ফলাফল মূল্যায়ন করা। পার্বত্য অঞ্চলে অনুসন্ধান কূপ খননের প্রাথমিকভাবে এলাকা নির্ণয় করা।
৪।	১০০০ লাইন কি.মি ভূতাত্ত্বিক জরিপ	প্রয়োজনসারে ও অগ্রাধিকার ভিত্তিতে বাংলাদেশের মধ্যে ১০০০ লাইন কি. মি. ভূতাত্ত্বিক জরিপ সম্পাদন	৪০০০	২০৪২-২০৫০	১০০০ লাইন কি.মি ভূতাত্ত্বিক জরিপ যেমন (Airborne Hydrocarbon Sensing Survey & Geochemical survey) করা হবে ও প্রয়োজন অনুসারে হাইড্রোকার্বন অনুসন্ধানের এলাকা অগ্রাধিকার ভিত্তিতে হালনাগাদ করা হবে। এবং যুগোপযোগী নতুন প্রযুক্তি ব্যবহার করা হবে।

৪/৫/২০২৪

২ডি সাইসমিক সার্ভে					
১।	২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ১৫ এবং ২২ (চলমান প্রকল্প)	অনুসন্ধান ব্লক-১৫ ও ২২ এ ৩০০০ লাইন কি.মি. ২ডি উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ	১৪৮৩৮	২০২১-২০২৪	অনুসন্ধান ব্লক ১৫, ২২এ, ২২বি দেশের Proven Petroleum-Geological Province, Eastern Folded Belt এ অবস্থিত। ৩০০০ লাইন কি.মি. ২ডি সাইসমিক সার্ভে সম্পাদনের মাধ্যমে অনুসন্ধান ব্লক-১৫ ও ২২তে সম্ভাবনাময় প্রসপেক্ট সমূহে অনুসন্ধান কুপ খনন করা সম্ভব হবে।
২।	২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ৬বি সাউথ এবং ১০ (চলমান প্রকল্প)	অনুসন্ধান ব্লক ৬বি সাউথ এবং ১০ এ ৩২২০ লাইন কি.মি. ২ডি উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ	১৫১৯৫	২০২২-২০২৫	৩২২০ লাইন কি. মি. ২ডি সাইসমিক সার্ভে সম্পাদনের মাধ্যমে অনুসন্ধান ব্লক ৬বি ও ১০তে সম্ভাবনাময় প্রসপেক্ট সমূহে অনুসন্ধান কুপ খনন করা সম্ভব হবে।
৩।	২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ৭ এন্ড ৯ (প্রস্তাবিত প্রকল্প)	অনুসন্ধান ব্লক ৭ এ ১৯৪০ লাইন কি.মি. এবং ব্লক ৯ এ ২৫৬০ লাইন কি.মি. মোট ৪৫০০ লাইন কি.মি. ২ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণের মাধ্যমে সম্ভাব্য Leads/Prospects সমূহ চিহ্নিতকরণ।	২৪০৩২	২০২৩-২০২৫	প্রাপ্ত Leads/Prospects সমূহ থেকে সম্ভাব্য Geological Structure সনাক্তকরণ। সম্ভাব্য Structural/ Stratigraphic/ Combination Traps চিহ্নিতকরণ। Hydrocarbon resource/reserve বৃদ্ধির লক্ষ্যে নতুন অনুসন্ধান কুপ খননস্থান চিহ্নিতকরণ।
৪।	১০,০০০ লাইন কি.মি. ২ডি সাইসমিক সার্ভে ওভার হিঞ্জ জোন এন্ড ফোরডিপ জিওলজিক্যাল প্রভিন্স প্রকল্প	অনুসন্ধান ব্লক ২এ, ২বি, ৩এ, ৩বি, ৪এ, ৪বি, ৬এ, ৬বি, ৯ তে ১০০০০ লাইন কিঃমিঃ ২ডি সাইসমিক সার্ভে সম্পাদন।	৭০০০০	২০৩১-২০৪১	ইতোমধ্যে রিজিওনাল ও সেমি ডিটেইল ২ডি সাইসমিক জরিপের মাধ্যমে চিহ্নিত ৩১টি লিডে ডিটেইল ২ডি জরিপ সম্পাদন করে প্রসপেক্টে রূপান্তরকরণের সম্ভাব্যতা যাচাই। ১০০০০ লাইন কি.মি. ২ডি সাইসমিক সার্ভে সম্পাদনের মাধ্যমে অনুসন্ধান ব্লক ২এ,২বি,৩এ, ৩বি, ৪এ, ৪বি,৬এ,৬বি, ৯ তে সম্ভাবনাময় প্রসপেক্ট সমূহে অনুসন্ধান কুপ খনন করা সম্ভব হবে।
৩ডি সাইসমিক সার্ভে					
১।	৩ডি সাইসমিক সার্ভে ওভার জকিগঞ্জ এন্ড পাথারিয়া ওয়েস্ট (চলমান প্রকল্প)	অনুসন্ধান ব্লক-১৪ এর আওতাধীন জকিগঞ্জ ও পাথারিয়া ভূগঠনের ৫৮০ বর্গ কি. মি. এলাকায় ৩ডি সাইসমিক সার্ভের মাধ্যমে নতুন গ্যাসপূর্ণ ফরমেশন চিহ্নিতকরণ ও হাইড্রোকার্বনের পরিমাণ নির্ণয়।	১১১০৪	২০২২-২৪	অনুসন্ধান ব্লক-১৩ ও ১৪ এর আওতাধীন জকিগঞ্জ এবং অনুসন্ধান ব্লক-১৪ এর আওতাধীন পাথারিয়া ওয়েস্ট স্ট্রাকচারের গ্যাসক্ষেত্রের গ্যাসস্তরের প্রশস্ততা, আকার, সঠিক বিস্তৃতি, সঠিক কুপের স্থান নির্ধারণ, গ্যাস মজুদ ও সম্পদ সম্পর্কে সঠিক ধারণা প্রাপ্তি।
২।	৩ডি সাইসমিক সার্ভে ওভার সুবর্ণচর ও চরফ্যাশন এরিয়া (প্রস্তাবিত)	সুবর্ণচর ও চরফ্যাশন এলাকায় ১৬০০ বর্গ কি. মি. ত্রিমাত্রিক উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ।	২৪০০০	২০২৪-২০২৬	Hydrocarbon Reserve/ Resources এবং New Hydrocarbon Prospect সম্পর্কে বিস্তারিত ধারণা পাওয়া যাবে যা ভবিষ্যত কর্মপরিকল্পনা গ্রহণে সহায়ক হবে।
৩।	৩ডি সাইসমিক সার্ভে ওভার দোয়ারাবাজার, ছাতক ও কোম্পানীগঞ্জ এরিয়া (আইনগত জটিলতা নিরসণ হলে ডিপিপি প্রক্রিয়াকরণ করা হবে)	ছাতক গ্যাসক্ষেত্র ও তৎসংলগ্ন ৪০০ বর্গ কি.মি. এলাকায় ত্রিমাত্রিক উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ।	৪৯৯৫	২০২৪-২০২৬	৩ডি সাইসমিক সার্ভের মাধ্যমে সংগৃহিত তথ্য বিশ্লেষণ করে দোয়ারাবাজার, ছাতক ও কোম্পানীগঞ্জ সংলগ্ন এলাকার Hydrocarbon Reserve/Resources এবং New Hydrocarbon Prospect সম্পর্কে বিস্তারিত ধারণা পাওয়া সম্ভব হবে।
৪।	৩ডি সাইসমিক সার্ভে ওভার মুন্সীগঞ্জ, দাউদকান্দি ও চাঁদপুর এরিয়া	মুন্সীগঞ্জ, দাউদকান্দি ও চাঁদপুর এলাকায় ৮৩০ বর্গ কি.মি ত্রিমাত্রিক	১৬০০০	২০২৪-২০২৬	৩ডি সাইসমিক সার্ভের মাধ্যমে সংগৃহিত তথ্য বিশ্লেষণ করে মুন্সীগঞ্জ, দাউদকান্দি ও চাঁদপুর এলাকার Hydrocarbon Reserve/Resources এবং New

[Handwritten signature]

[Handwritten signature]

[Handwritten signature]

[Handwritten signature]

[Handwritten signature]

		উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ			Hydrocarbon Prospect সম্পর্কে বিস্তারিত খারণা পাওয়া সম্ভব হবে।
৫।	৬০০ বর্গ কি. মি. ত্রিমাত্রিক জরিপ প্রকল্প	মাদারগঞ্জ-১ অনুসন্ধান কুপে গ্যাস আবিষ্কৃত হলে ৬০০ বর্গ কি. মি. ত্রিমাত্রিক উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ	৬৫০০	২০২৫-২০২৭	দ্বিমাত্রিক জরিপের ফলাফলের উপর ভিত্তি করে চিহ্নিত প্রসপেক্ট/গ্যাসক্ষেত্রে High Resolution 3D সাইসমিক জরিপের কাজ করা হবে। প্রাপ্ত তথ্য/উপাত্ত বিশ্লেষণপূর্বক খনন স্থান চিহ্নিতকরণের মাধ্যমে নতুন গ্যাসক্ষেত্র আবিষ্কার।
৬।	৩ডি সাইসমিক সার্ভে ওভার শৈলকূপা এরিয়া	শৈলকূপা এলাকায় ১২০০ বর্গ কি. মি. ত্রিমাত্রিক উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ	১৯০০০	২০২৮-২০৩০	Hydrocarbon Reserve/ Resources এবং New Hydrocarbon Prospect সম্পর্কে বিস্তারিত খারণা অর্জন।
৭।	১৫০০ বর্গ কিঃমিঃ ত্রিমাত্রিক জরিপ প্রকল্প	১৫০০ বর্গ কি. মি. ত্রিমাত্রিক উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ	২৩৪০০	২০৩১-২০৪১	২০২২-২০৩০ পর্যন্ত ২ডি সাইসমিক জরিপ, ভূতাত্ত্বিক জরিপ এর মাধ্যমে আবিষ্কৃত স্ট্রাকচারাল লিড /প্রসপেক্টে সমূহে গ্যাস প্রাপ্তির সাপেক্ষে/খননের পূর্বে চাহিদার ভিত্তিতে ত্রিমাত্রিক জরিপ সম্পাদন।
৮।	৫০০ বর্গ কিঃমিঃ ত্রিমাত্রিক জরিপ প্রকল্প (৩টি)	প্রয়োজন মতে ২/৩ টি প্রকল্পের আওতায় ৫০০ বর্গ কি. মি. করে ত্রিমাত্রিক উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ	২৫০০০	২০৪২-২০৫০	২০৩১-২০৪১ পর্যন্ত ২ডি সাইসমিক জরিপ, ভূতাত্ত্বিক জরিপ এর মাধ্যমে আবিষ্কৃত স্ট্রাকচারাল লিড /প্রসপেক্টে সমূহে গ্যাস প্রাপ্তির সাপেক্ষে/খননের পূর্বে চাহিদার ভিত্তিতে ত্রিমাত্রিক জরিপ সম্পাদন। যদি কোন প্রসপেক্ট Evaluation এর ক্ষেত্রে ২ডি থেকে পর্যাপ্ত তথ্য না পাওয়া গেলে ৩ডি করতে হবে এবং নতুন গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হলে reservoir evaluation করতে ৩ডি/ ৪ডি করা লাগতে পারে।
(খ) অনুসন্ধান, উন্নয়ন/মূল্যায়ন/ ওয়ার্কভার কুপ খনন সংক্রান্ত প্রকল্পসমূহঃ					
১।	১টি অনুসন্ধান কুপ (শ্রীকাইল নর্থ-১এ) এবং ২টি মূল্যায়ন কাম উন্নয়ন কুপ (সুন্দলপুর-৩ ও বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট)) খনন প্রকল্প (চলমান প্রকল্প)	শ্রীকাইল নর্থ-১এ কুপ: ৩৫০০±৫০মিটার, সুন্দলপুর-৩ উন্নয়ন কুপ: ৩২০০±১০০ মিটার এবং বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) মূল্যায়ন কাম উন্নয়ন কুপ: ৩২০০±১০০ মিটার গভীরতা পর্যন্ত খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা	২৮৪১৯	২০২২-২০২৪	শ্রীকাইল নর্থ-১এ কুপটি খনন সম্পন্ন হয়েছে। কুপটিতে গ্যাসের অস্তিত্ব থাকলেও বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য গ্যাস পাওয়া যায়নি। সুন্দলপুর-৩ এবং বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) কুপে বাণিজ্যিক গ্যাসের উপস্থিতি নিশ্চিত হলে কুপদ্বয় থেকে যথাক্রমে ১০ ও ৮ এমএমএসসিএফডি গ্যাস সরবরাহ করা সম্ভব হবে।
২।	বাপেক্স এর ৩টি অনুসন্ধান কুপ খনন প্রকল্প এলাকা: কুমিল্লা, পাবনা এবং মৌলভীবাজার	ক) শ্রীকাইল ডিপ-১: ৫৩০০±১০০ মিটার গভীরতা পর্যন্ত খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা; খ) মোবারকপুর ডিপ-১: ৫১০০±১০০ মিটার গভীরতা পর্যন্ত খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা; গ) ফেঞ্চুগঞ্জ সাউথ-১: ৪০০০±১০০ মিটার গভীরতা পর্যন্ত খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা;	১৪০০০০	২০২৩-২০২৫	ক) শ্রীকাইল গ্যাস ক্ষেত্রটির উত্তর অংশ একটি চ্যানেল দ্বারা বিচ্ছিন্ন হওয়ায় এবং অপেক্ষাকৃত গভীরতম প্রসপেক্ট থাকায় উক্ত অংশে গ্যাসের বাণিজ্যিক উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন। শ্রীকাইল ডিপ-১ কুপটি খনন শেষে বাণিজ্যিক গ্যাস আবিষ্কৃত হলে আনুমানিক ৯২৬.৪৯ বিসিএফ গ্যাস রিজার্ভ বৃদ্ধিসহ দৈনিক ২০ এমএমএসসিএফ গ্যাস উৎপাদন বৃদ্ধি করা সম্ভব হবে। খ) মোবারকপুর ডিপ-১ কুপটি খনন শেষে বাণিজ্যিক গ্যাস আবিষ্কৃত হলে আনুমানিক ৩৩৯.৮২ বিসিএফ গ্যাস রিজার্ভ বৃদ্ধি করা সম্ভব হবে।

১৫/৫/২৩

১৫/৫/২৩

১৫/৫/২৩

১৫/৫/২৩

৩।	২টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (সুন্দলপুর সাউথ-১ ও জামালপুর-১) খনন প্রকল্প (প্রস্তাবিত প্রকল্প)	সুন্দলপুর-৪ কূপ ১৪৫০±১০০ মিটার, শ্রীকাইল-৫ কূপ ৩৪৫০±৫০ (TVDss) মিটার, সুন্দলপুর সাউথ-১ কূপ ৩৩০০±১০০ (TVDss) মিটার এবং জামালপুর-১ কূপ ২৮০০±২০০ (TVDss) মিটার পর্যন্ত খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা	৫৮৮৪০	২০২৩-২০২৫	উত্তোলনযোগ্য তেল/গ্যাস আবিষ্কার হলে প্রায় ৬২০ বিসিএফ রিজার্ভ বৃদ্ধিসহ দৈনিক ৫৫ এমএমএসসিএফ গ্যাস উৎপাদন বৃদ্ধি করা।
৪।	১টি মূল্যায়ন কূপ (জকিগঞ্জ-২) খনন প্রকল্প (প্রস্তাবিত প্রকল্প)	জকিগঞ্জ-২ মূল্যায়ন কূপ ৩০০০±১০০ (TVDss) মিটার পর্যন্ত খনন, টেস্টিং ও কমপ্লিশন	১৩৫০০	২০২৩-২০২৫	উত্তোলনযোগ্য তেল/গ্যাস আবিষ্কার হলে প্রায় ৩৫৫ বিসিএফ রিজার্ভ বৃদ্ধিসহ দৈনিক ১০-২০ এমএমএসসিএফ গ্যাস উৎপাদন বৃদ্ধি করা।
৫।	১ টি অনুসন্ধান কূপ শাহবাজপুর নর্থ ইস্ট-১ ও ৪টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খনন প্রকল্প এলাকা: ভোলা	ক) শাহবাজপুর -৫ খ) শাহবাজপুর -৭ গ) ভোলা নর্থ-৩ ঘ) ভোলা নর্থ-৪ এবং ঙ) শাহবাজপুর নর্থ ইস্ট-১ গ্যাজপ্রম ০৫ টি খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্ন করবে।	১৫০০০০	২০২৩-২০২৫	ক-খ) শাহবাজপুর ভূগঠনের উত্তর-পূর্ব অংশে কোন কূপ না থাকায় গ্যাসক্ষেত্রটির Appraisal, উৎপাদন বৃদ্ধি ও প্রমানিত মজুদ পুনঃমূল্যায়নের নিমিত্তে উন্নয়ন কূপ তিনটি খনন প্রয়োজন। শাহবাজপুর গ্যাসক্ষেত্র এলাকায় বিদ্যমান তথ্য-উপাত্ত এবং ইতিমধ্যে প্রস্তাবিত অনুসন্ধান কূপসমূহ খনন পরবর্তী তথ্য-উপাত্ত পুনঃমূল্যায়ন পূর্বক শাহবাজপুর-৫, ৭ কূপ খনন সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হবে। গ-ঘ) ভোলা নর্থ গ্যাসক্ষেত্রের বিস্তৃতি, উৎপাদন বৃদ্ধি ও প্রমানিত মজুদ পুনঃমূল্যায়নের নিমিত্তে উন্নয়ন কূপ খনন প্রয়োজন। ভোলা নর্থ গ্যাসক্ষেত্র এলাকায় বিদ্যমান তথ্য-উপাত্ত এবং ইতিমধ্যে প্রস্তাবিত উন্নয়ন কূপের খনন পরবর্তী তথ্য-উপাত্ত পুনঃমূল্যায়ন পূর্বক ভোলা নর্থ-৩ ও ৪ কূপ খনন সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হবে।
৬।	বাপেক্স এর ২টি অনুসন্ধান কূপ সুনত্র-২ও বেগমগঞ্জ-৬ এবং ১টি মূল্যায়ন কূপ বেগমগঞ্জ- ৫ খনন প্রকল্প এলাকা: সুনামগঞ্জ-নেত্রকোণা। (প্রস্তাবিত প্রকল্প)	সুনত্র-২: ৫২০০±১০০ মিটার গভীরতা পর্যন্ত খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা	৮০০০০	২০২৫-২০২৬	সুনত্র-১ কূপে গ্যাসের উপস্থিতি না থাকলেও অপেক্ষাকৃত গভীর ও পুরাতন প্রসপেক্ট এ গ্যাসের বাণিজ্যিক উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন। ভূগঠনের ভূতাত্ত্বিক মূল্যায়ন এবং বাণিজ্যিক গ্যাসের উপস্থিতি নিশ্চিত হলে ৩০ এমএমএসসিএফডি গ্যাস সরবরাহ করা সম্ভব হবে।
৭।	বাপেক্স এর ২টি অনুসন্ধান কূপ খনন প্রকল্প এলাকা: খাগড়াছড়ি এবং রাজশাহী। (প্রস্তাবিত কাসালং ও সীতাপাহাড় অনুসন্ধান কূপ এলাকার নিরাপত্তার বিষয়টি বিবেচনায় রেখে কার্যক্রম গ্রহণ করা হবে।)	ক) কাসালং-১: ৩০০০±১০০ মিটার গভীরতা পর্যন্ত খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা; খ) সীতাপাহাড়-৩: ১৫০০ ±১০০ মিটার গভীরতা পর্যন্ত খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা;	৪৪০০০	২০২৬-২০২৮	ক) কাসালং ও সীতাপাহাড় ভূগঠন এলাকায় পেট্রোবাংলার পিএসসি এর আওতায় United Meridian Corp (UMC) ভূতাত্ত্বিক ও ২ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ করে। উক্ত উপাত্তসমূহ বিশ্লেষণ করে (UMC) উল্লিখিত কূপ দুটি প্রস্তাব করে। বর্তমান সময় পর্যন্ত কোন কূপ খনন করা হয়নি। সম্ভাবনাময় এই ভূগঠনসমূহে গ্যাসের বাণিজ্যিক উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন। খ) কাসালং ও সীতাপাহাড় ভূগঠন এলাকায় United Meridian Corp (UMC) কর্তৃক সংগৃহীত উপাত্তসমূহ এবং বিশ্লেষণ প্রতিবেদন পেট্রোবাংলা থেকে সংগ্রহের উপর নির্ভরশীল। উল্লিখিত উপাত্তসমূহ এবং বিশ্লেষণ প্রতিবেদন

[Signature]

[Signature]

[Signature]

					সংগ্রহপূর্বক পুনঃমূল্যায়ন করে কূপ খনন সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হবে।
৮।	বাপেক্স এর ২টি গভীর অনুসন্ধান কূপ খনন প্রকল্প এলাকা: ঝিনাইদহ এবং ঢাকা।	ক) সাভার-সিঙ্গাইর-১: ৫৫০০±১০০ মিটার গভীরতা পর্যন্ত খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা; খ) শৈলকুপা-১: ৫০০০±১০০ মিটার গভীরতা পর্যন্ত খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা।	৮০০০০	২০২৭-২০২৯	ক) ভূতাত্ত্বিক বিবেচনায় শৈলকুপা Prospect টি Buried Hill এ অবস্থিত। যা বাংলাদেশের প্রেক্ষাপটে নতুন। শৈলকুপা প্রসপেক্টটি ODA/Well Drill ১৯৮৬ সালে চিহ্নিত করার পর ২০০০ সালে বাপেক্স কর্তৃক কূপ প্রস্তাবনা প্রণয়ন করা হয়। তবে কূপ প্রস্তাবনাটি পুনঃবিশ্লেষণের প্রয়োজনীয়তা রয়েছে বিধায় ৩ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ করা প্রয়োজন। খ) ভূতাত্ত্বিক বিবেচনায় সাভার-সিঙ্গাইর এলাকাটি Hinge Slope এ Basin Floor Fan. উক্ত Feature এ গ্যাসের বাণিজ্যিক উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন। সাভার-সিঙ্গাইর সংগৃহীত উপাত্তসমূহ বিশ্লেষণ করে কূপ খনন সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হবে।
৯।	বাপেক্স এর ৪টি অনুসন্ধান কূপ খনন প্রকল্প এলাকা: কুমিল্লা, চট্টগ্রাম এবং নোয়াখালী	ক) চর জন্সার-১ /ফেঞ্চুগঞ্জ নর্থ খ) বেগমগঞ্জ -৬,৭ ঘ) সেমুতাং-৭ খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা।	৫৮০০০	২০২৫-২০২৭	কূপের নাম, ধরণ ও লোকেশন চূড়ান্ত করণের লক্ষ্যে বাপেক্স জি এন্ড জি কমিটির কার্যক্রম চলমান আছে।
১০।	৬টি কূপ ওয়ার্কওভার প্রকল্প এলাকা: খাগড়াছড়ি, কুমিল্লা এবং মৌলভীবাজার	ক) সেমুতাং-৬ খ) শাহবাজপুর-৪ গ) ফেঞ্চুগঞ্জ-৪ ঘ) শ্রীকাইল-৪ ঙ) রূপগঞ্জ-১ চ) হালদা-১ ওয়ার্কওভার সম্পন্ন করা।	২৪০০০	২০২৪-২০২৫ ২০২৪-২০২৫ ২০২৪-২০২৫ ২০২৫-২০২৬ ২০২৬-২০২৭ ২০২৬-২০২৭	সেমুতাং-৬ গ্যাস উৎপাদনরত জোনটির প্রেশার/উৎপাদন কমে যাওয়ায় নতুন জোন থেকে গ্যাস উৎপাদন/বৃদ্ধি করা এবং কারিগরী সমস্যা দূরীকরণে ওয়ার্কওভার সম্পন্ন করা প্রয়োজন। সেমুতাং৬, শাহবাজপুর-৪, ফেঞ্চুগঞ্জ-৪ সহ হালদা-১, রূপগঞ্জ-১ কূপে ওয়ার্কওভার সম্পন্নের মাধ্যমে গ্যাসের উৎপাদন বৃদ্ধি সম্ভব হলে দেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখা সম্ভব হবে।
১১	বাপেক্স এর ৪টি অনুসন্ধান কূপ খনন প্রকল্প এলাকা: এলাকা: চট্টগ্রাম এবং নোয়াখালী	ক) জলদি-৪ খ) চর ফ্যাশন-১ গ) পটিয়া-২ ঘ) চাঁদপুর-১ খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা।	৮০০০০	২০২৮-২০৩০	জলদি ভূগঠনটি ভূতাত্ত্বিক বিবেচনায় তেল-গ্যাস অনুসন্ধান কার্যক্রমের জন্য সম্ভাবনাময়। উক্ত ভূগঠনে এ গ্যাসের বাণিজ্যিক উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন। জলদি এবং পটিয়া ভূগঠনে খননকৃত কূপসমূহের উপাত্ত ও বিদ্যমান সাইসমিক উপাত্ত বিশ্লেষণপূর্বক জলদি-৪ কূপ এবং পটিয়া-২ কূপ খনন সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হবে। কেয়ার্ন এনার্জি বাংলাদেশ তাদের সংগৃহীত সাইসমিক তথ্য-উপাত্ত বিশ্লেষণের ভিত্তিতে চর জন্সারকে প্রসপেক্ট হিসেবে চিহ্নিত করে এবং চর ফ্যাশন এলাকায় একটি ভূগঠনের নমুনা পায়। চর জন্সার এবং চর ফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ করে বিশ্লেষণপূর্বক কূপ খনন সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। খননতব্য কূপসমূহের চূড়ান্ত সংখ্যা ও নাম আহরিতব্য/প্রস্তাবিত ২ডি/৩ডি সাইসমিক উপাত্ত বিশ্লেষণ শেষে প্রসপেক্ট মূল্যায়নের উপর নির্ভরশীল।
১২।	বাপেক্স এর ২০ টি অনুসন্ধান কূপ খনন প্রকল্প সেমুতাং নর্থ, সেমুতাং ইন্স্ট, জামালপুর, বেগমগঞ্জ নর্থ, মাতামুহুরী নর্থ, বান্দরবান ওয়েস্ট, হারারগজ, মধুপুর, পাথারিয়া ওয়েস্ট, ঈশ্বরগঞ্জ, মুন্সিগঞ্জ, শ্রীবর্দী, বারহাটা, বাজিতপুর, কাপাসিয়া সাউথ, মেলান্দহ, বানিয়াচং, কালিহাতী, হালুয়াঘাট,	কূপ খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা	৫০০০০০	২০৩১-২০৪১	২০৩১-২০৪১ মেয়াদকালে বাপেক্স ২০টি অনুসন্ধান কূপ খনন করতে সক্ষম। ভূগঠনের ভূতাত্ত্বিক মূল্যায়ন এবং বাণিজ্যিক গ্যাসের উপস্থিতি নিশ্চিত হলে দৈনিক গ্যাস সরবরাহ করা সম্ভব হবে।

	ভালুকা, মাধবপুর, খালিয়াজুড়ী, মাদারীপুর, কুষ্টিয়া, চাঁদপুর, নিকলী, নালিতাবাড়ী, কালিয়াকৈর, লাঙ্গাঘোনা, কুলিয়ারচর, নাগরপুর, এবং মদন।				
১৩।	২০ টি উন্নয়ন/মূল্যায়ন কূপ খনন প্রকল্প ২০২১-২০৩০ সাল পর্যন্ত খননতব্য অনুসন্ধান কূপসমূহে গ্যাস আবিষ্কৃত হলে গ্যাসক্ষেত্র উন্নয়ন/মূল্যায়নের লক্ষ্যে পরবর্তীতে উন্নয়ন/মূল্যায়নের কূপের সংখ্যা ও নাম নির্ধারণ করা হবে।	কূপসমূহের খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা	৫০০০০০	২০৩১-২০৪১	২০৩১-২০৪১ মেয়াদকালে বাপেক্স ২০টি উন্নয়ন/মূল্যায়ন কূপ খনন করতে সক্ষম হবে।
১৪।	বাপেক্স এর ২০ টি অনুসন্ধান কূপ খনন প্রকল্প	কূপসমূহের খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা	৮০০০০০	২০৪২-২০৫০	২০৪২-২০৫০ মেয়াদকালে বাপেক্স ২০টি অনুসন্ধান কূপ খনন করতে সক্ষম। ভূগঠনের ভূতাত্ত্বিক মূল্যায়ন এবং বাণিজ্যিক গ্যাসের উপস্থিতি নিশ্চিত হলে দৈনিক গ্যাস সরবরাহ করা সম্ভব হবে।
১৫।	২০ টি উন্নয়ন/মূল্যায়ন কূপ খনন প্রকল্প ২০৩১-২০৪১ সাল পর্যন্ত খননতব্য অনুসন্ধান কূপসমূহে গ্যাস আবিষ্কৃত হলে গ্যাসক্ষেত্র উন্নয়ন/মূল্যায়নের লক্ষ্যে পরবর্তীতে উন্নয়ন/মূল্যায়নের কূপের সংখ্যা ও নাম নির্ধারণ করা হবে।	কূপসমূহের খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা	৮০০০০০	২০৪২-২০৫০	২০৪২-২০৫০ মেয়াদকালে বাপেক্স ২০টি অনুসন্ধান কূপ খনন করতে সক্ষম। ভূগঠনের ভূতাত্ত্বিক মূল্যায়ন এবং বাণিজ্যিক গ্যাসের উপস্থিতি নিশ্চিত হলে দৈনিক গ্যাস সরবরাহ করা সম্ভব হবে।

ওর্যাকওভার প্রকল্পসমূহ

অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োজন অনুযায়ী ওর্যাকওভার কার্যক্রম গ্রহণ করা হবে।

গ) প্রসেস প্ল্যান্ট স্থাপন ও গ্যাস গ্যাদারিং পাইপলাইন সংক্রান্ত প্রকল্পসমূহঃ

১।	ভোলা নর্থ গ্যাস ক্ষেত্রের জন্য ৬০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন প্রসেস প্ল্যান্ট সংগ্রহ ও স্থাপন প্রকল্প এলাকা: ভোলা সদর, ভোলা (প্রস্তাবিত প্রকল্প)	ভোলা নর্থ গ্যাস ক্ষেত্রে উৎপাদন ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রসেস প্ল্যান্ট সংগ্রহ ও স্থাপন করা।	২৪০০০	২০২৩-২০২৫	দেশের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে ভোলা জেলার ভোলা সদর উপজেলায় অবস্থিত ভোলা নর্থ গ্যাস ক্ষেত্রের গ্যাস উৎপাদন শুরু করার লক্ষ্যে প্রসেস প্ল্যান্ট সংগ্রহ ও স্থাপন করা এবং আনুষঙ্গিক স্থাপনা নির্মাণ।
২।	জকিগঞ্জ গ্যাস ক্ষেত্রের জন্য ১০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন ২টি প্রসেস প্ল্যান্ট সংগ্রহ ও স্থাপন প্রকল্প এলাকা: সিলেট	বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য গ্যাস উৎপাদনের লক্ষ্যে প্রসেস প্ল্যান্ট সংগ্রহ ও স্থাপন করা।	৬০০০	২০২৫-২০২৭	দেশের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে জকিগঞ্জ এবং বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য গ্যাস আবিষ্কার সাপেক্ষে শরীয়তপুর গ্যাস ক্ষেত্রের গ্যাস উৎপাদন শুরু করার লক্ষ্যে প্রসেস প্ল্যান্ট সংগ্রহ ও স্থাপন করা এবং আনুষঙ্গিক স্থাপনা নির্মাণ।
৩।	নতুন গ্যাস ক্ষেত্রের জন্য ১০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন ২টি প্রসেস প্ল্যান্ট সংগ্রহ ও স্থাপন প্রকল্প	বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য গ্যাস উৎপাদনের লক্ষ্যে প্রসেস প্ল্যান্ট সংগ্রহ ও স্থাপন করা।	৮০০০	২০৩০-৪০	দেশের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে এবং বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য গ্যাস আবিষ্কার সাপেক্ষে গ্যাস ক্ষেত্রের গ্যাস উৎপাদন শুরু করার লক্ষ্যে প্রসেস প্ল্যান্ট সংগ্রহ ও স্থাপন করা এবং আনুষঙ্গিক স্থাপনা নির্মাণ করা লাগতে পারে।

ঘ) ওয়েলহেড কম্প্রসর স্থাপন সংক্রান্ত প্রকল্পসমূহঃ

১।	শ্রীকাইল গ্যাসক্ষেত্রের জন্য ওয়েলহেড কম্প্রসর সংগ্রহ ও স্থাপন	শ্রীকাইল গ্যাস ফিল্ডের জন্য প্রতিটি ১০ এমএমএসসিএফডি ক্ষমতাসম্পন্ন ৩টি	২৯৫০০	২০২৩-২০২৫	শ্রীকাইল গ্যাস ক্ষেত্রের ওয়েলহেড প্রেসার কমে যাওয়ার প্রেক্ষিতে সর্বাধিক পরিমাণে গ্যাস উৎপাদনের লক্ষ্যে কম্প্রসর সংগ্রহ ও স্থাপন করা।
----	--	---	-------	-----------	--

	এলাকা: সুরাদনগর, কুমিল্লা (চলমান প্রকল্প)	Two Stage Reciprocating type Wellhead Compressor ক্রয়পূর্বক সংগ্রহ, স্থাপন ও কমিশনিং করা।			কম্প্রেসর স্থাপনের মাধ্যমে শ্রীকাইল গ্যাস ক্ষেত্র হতে অতিরিক্ত আনুমানিক ৪০ বিসিএফ গ্যাস উৎপাদন সম্ভব হতে পারে।
২।	গ্যাসক্ষেত্রের জন্য ওয়েলহেড কম্প্রেসর সংগ্রহ ও স্থাপন	গ্যাস ফিল্ডের জন্য Wellhead Compressor ক্রয়পূর্বক সংগ্রহ, স্থাপন ও কমিশনিং করা।	৫০০০	২০২৮-২০৩৫	প্রয়োজনবোধে কম্প্রেসর স্থাপনের মাধ্যমে গ্যাস ক্ষেত্র হতে অতিরিক্ত গ্যাস উৎপাদন সম্ভব হতে পারে।
৬) রিগ ক্রয়/পুনর্বাসন সংক্রান্ত প্রকল্পসমূহঃ					
১।	বিজয়-১০, ১১, ১২, আইডিকো রিগ মেরামত ও আইপিএস রিগের আপগ্রেডেশন এবং রিগ সহায়ক যন্ত্রপাতি প্রতিস্থাপন প্রকল্প (চলমান প্রকল্প)	ক) Hydraulic, electrical, VFD system, Drive system আপগ্রেড কার্যক্রম। খ) DC Generator/engine, MCC house, Compressor, Mud system, Cable, drawworks system সহ পুনর্বাসন কার্যক্রম গ) ক্রেন, ট্রাক, ফর্কলিফটার, টেইলার প্রাইমমুভার, জেনারেটর, কম্প্রেসর সংগ্রহ/ প্রতিস্থাপন কার্যক্রম।	১৯৯৫২	২০২১-২০২৩	ক) বিজয় ১০ ও ১২ এর টপ ড্রাইভ সিস্টেম ও ভারহোলিংসহ ইলেকট্রিক্যাল ড্রাইভ সিস্টেম আপগ্রেড করা। বিজয় ১১ রিগ এর ইঞ্জিন সিস্টেম প্রতিস্থাপন। প্রতি ৪/৫ বছর পর পর উক্ত যন্ত্রপাতিসমূহ ও ভারহোলিং/প্রতিস্থাপন করা প্রয়োজন হয়। খ) রিগটি ১৯৮৭ সালে ক্রয় করা হয়েছিল (বিজিএফসিএল ক্রয় করেছিল)। রিগটি দ্বারা বর্তমানে প্রায় ২৩টি ড্রিলিং/ওয়ার্কওভার সম্পন্ন করা হয়েছে। দীর্ঘ ব্যবহারজনিত কারণে এর ইলেকট্রিক্যাল সিস্টেম, মাড সিস্টেম, রিগ ইঞ্জিন/জেনারেটর, ড্রওয়ার্কস ইত্যাদি যন্ত্রাংশ Major Overhauling করা প্রয়োজন। গ) বাপেক্সের ব্যবহৃত ভারি যানবাহন, ক্রেন, জেনারেটর, কম্প্রেসর ইত্যাদি ২৫ বছরের অধিক পুরাতন। ফলে উক্ত গাড়ীসমূহ/যন্ত্রপাতি নতুন যানবাহন দ্বারা জরুরীভাবে প্রতিস্থাপন করতে হবে। পুনর্বাসন সম্পাদনের পর আরও ৮-৯টি ড্রিলিং এর কাজ সম্পাদন করা যাবে। ভারি যানবাহন ক্রেন, ট্রাক, ফর্কলিফটার, টেইলার প্রাইমমুভার প্রতিস্থাপনের পর আরও ১৫ বছর নির্বিঘ্নে ব্যবহার করা যাবে।
২।	২০০০ এইচপি রিগ সংগ্রহ প্রকল্প	১টি নতুন রিগ সংগ্রহ করা (২০০০ হর্স পাওয়ার) এবং ড্রিলিং কাজে নিয়োজিত করা	৬৯০০০	২০২৩-২০২৫	দেশের ক্রমবর্ধমান জ্বালানি চাহিদা নিরসনের লক্ষ্যে আগামী ২০২৩-২০২৫ সালের মধ্যে বাপেক্স কর্তৃক ২৯টির অধিক কূপ খননের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। অনুসন্ধান কূপ খনন কার্যক্রম বৃদ্ধি এবং পুরাতন রিগসমূহ দীর্ঘদিন ব্যবহারের ফলে পুনর্বাসন কার্যক্রম গ্রহণ করতে হবে বিধায় নতুন রিগটি সংগ্রহ করা প্রয়োজন হবে।
৩।	বিজয়-১০ রিগ পুনর্বাসন প্রকল্প।	Generator and VFD system, Compressor, Mud system, Cable, Hydraulic system and Necessary accessories পরিবর্তন ও পুনর্বাসন কার্যক্রম।	২০০০০	২০২৪-২০২৬	রিগটি ২০১০ সালে ক্রয় করা হয়েছিল। রিগটি দ্বারা বর্তমানে প্রায় ১০টি ড্রিলিং সম্পন্ন করা হয়েছে। কয়েকটি ড্রিলিং করার পর ক্ষয়প্রাপ্ত হওয়ায় এর মাড সিস্টেম এবং technology পরিবর্তনের জন্য ইলেকট্রিক্যাল সিস্টেম Major Overhauling করা প্রয়োজন। পুনর্বাসন সম্পাদনের পর আরও ৮-৯টি ড্রিলিং এর কাজ সম্পাদন করা যাবে।
৪।	বিজয়-১১ রিগ পুনর্বাসন প্রকল্প	Generator and VFD system, Compressor and Mud system, Cable, Hydraulic system সহ পুনর্বাসন কার্যক্রম।	১৮০০০	২০২৪-২০২৬	রিগটি ২০১২ সালে ক্রয় করা হয়েছিল। রিগটি দ্বারা বর্তমানে প্রায় ১৩টি ওয়ার্কওভার সম্পন্ন করা হয়েছে। কয়েকটি ওয়ার্কওভার করার পর ক্ষয়প্রাপ্ত হওয়ায় এর upgraded technology adapt করার নিমিত্ত এর মাডসিস্টেম এবং ইলেকট্রিক্যাল সিস্টেম এর Major Overhauling করা প্রয়োজন। পুনর্বাসন সম্পাদনের পর আরও ৯-১০টি ওয়ার্কওভার এর কাজ সম্পাদন করা যাবে।
৫।	বিজয়-১২ রিগ পুনর্বাসন প্রকল্প	Generator, VFD system, Compressor, Mud system, Cable, Hydraulic	১৮০০০	২০২৪-২০২৬	রিগটি ২০১৪ সালে ক্রয় করা হয়েছিল। রিগটি দ্বারা বর্তমানে ০৭টি ড্রিলিং সম্পন্ন করা হয়েছে। ড্রিলিং পরিকল্পনা অনুযায়ী ২০২৪ সাল নাগাদ আরো কয়েকটি ড্রিলিং করার পরিকল্পনা আছে। পরিকল্পনা মাফিক কাজ হলে এত মাড সিস্টেম এবং

[Signature]


[Signature]


[Signature]


[Signature]


		system সহ পুনর্বাসন কার্যক্রম।			Technology পরিবর্তনের জন্য ইলেকট্রিক্যাল সিস্টেম এর Major Overhauling করা প্রয়োজন। পুনর্বাসন সম্পাদনের পর আরও ৮-৯টি ড্রিলিং এর কাজ সম্পাদন করা যাবে।
৬।	৩০০০ এইচপি রিগ সংগ্রহ প্রকল্প	১টি নতুন রিগ সংগ্রহ করা (৩০০০ হর্স পাওয়ার) এবং ড্রিলিং কাজে নিয়োজিত করা	৭০০০০	২০৩১-২০৩৩	বাপেক্স এর পুরাতন রিগগুলি দীর্ঘদিন ব্যবহারের ফলে এবং অনুসন্ধান কূপ খনন কার্যক্রম বৃদ্ধির ফলে নতুন রিগটি সংগ্রহ করা প্রয়োজন হবে। কূপ খনন কাজ বৃদ্ধি পাবে।
৭।	২৫০০ এইচপি রিগ সংগ্রহ প্রকল্প	১টি নতুন রিগ সংগ্রহ করা (২৫০০ হর্স পাওয়ার) এবং ড্রিলিং কাজে নিয়োজিত করা	৭৫০০০	২০৪০-২০৫০	অনুসন্ধান কূপ খনন কার্যক্রম বৃদ্ধির ফলে প্রয়োজনানুসারে নতুন রিগটি সংগ্রহ করা প্রয়োজন হতে পারে।
চ) অন্যান্য প্রকল্পঃ					
১।	এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন ক্যাপাসিটি আপগ্রেডেশন অব বাপেক্স	গ্যাস-তেল অনুসন্ধান ও উন্নয়ন কার্যক্রমে সহায়তার নিমিত্তে বাপেক্স এর পরীক্ষাগার, ভূতাত্ত্বিক, ভূপদার্থিক বিভাগ, ওয়েল সার্ভিস, খনন ও উৎপাদন বিভাগসহ অন্যান্য সংশ্লিষ্ট বিভাগের জন্য যুগোপযোগী যন্ত্রপাতি, সফটওয়্যার সংগ্রহ ও স্থাপন, বৈদেশিক প্রশিক্ষণ এবং বাপেক্সের বিদ্যমান কারিগরী তথ্য-উপাত্ত বিশ্লেষণের লক্ষ্যে স্থানীয় ও আন্তর্জাতিক পরামর্শক দ্বারা Inhouse/On Job Training এর ব্যবস্থা গ্রহণের মাধ্যমে কারিগরী সক্ষমতা/দক্ষতা বৃদ্ধি করা এবং দক্ষ জনবল গড়ে তোলা।	৩৫০০০	২০২৫-২০২৭	বাপেক্স এর জনবলের সক্ষমতা/দক্ষতা ও জনবলের কারিগরী দক্ষতা বৃদ্ধির ফলে তেল-গ্যাস অনুসন্ধান ও উন্নয়ন কার্যক্রমে সিদ্ধান্ত গ্রহণ সহজতর এবং বাস্তবসম্মত সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হবে। ফলে অনুসন্ধান কার্যক্রম চলাকালীন সময়ে উদ্ভূত জটিল সমস্যা সমাধানের লক্ষ্যে মানব সম্পদ উন্নয়ন করা। একইসঙ্গে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানকে বিভিন্ন সেবা প্রদানের মাধ্যমে বাপেক্স অর্থ উপার্জন করতে পারবে।


নোটঃ বাপেক্সের কার্যপরিধি, সরকারের সিদ্ধান্ত, আন্তর্জাতিক বাজার এর অবস্থা ও দেশের আর্থসামাজিক প্রেক্ষাপটের ভিত্তিতে উপরোক্ত পরিকল্পনাসমূহ পরিবর্তনশীল।


মোঃ মাসুদ
 উপব্যবস্থাপক (ভূতত্ত্ব)
 গ্রানিং এন্ড আইসিটি বিভাগ
 বাপেক্স, ঢাকা।


মোঃ মোহাম্মদ মনিরুজ্জামান
 উপ-মহাব্যবস্থাপক (যান্ত্রিক)
 গ্রানিং এন্ড আইসিটি বিভাগ
 বাপেক্স, ঢাকা।


মোঃ আলমগীর হোসেন
 মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)
 ভূতাত্ত্বিক বিভাগ
 বাপেক্স, ঢাকা।


Howlader Ohidul Islam
 General Manager
 Geophysical Division
 BAPEX, Dhaka.


প্রকৌশলী মোঃ ফজলুল হক
 মহাব্যবস্থাপক
 পরিকল্পনা ও আইসিটি বিভাগ
 বাপেক্স, ঢাকা।